

## 241534 - ইসলামী বই এর উপর অন্য জিনিসপত্র রাখার হুকুম

### প্রশ্ন

ইসলামী বইপুস্তক যেমন- ফিকাহ, আকিদা, তাফসির ইত্যাদি বিষয়ক বইপুস্তকের উপর অন্য কোন জিনিসপত্র রাখা কিংবা ইসলামী বইপুস্তক একটার উপর আরেকটি রাখার ব্যাপারে আলেমগণের বক্তব্য কি?

### প্রিয় উত্তর

ইসলামী বইপুস্তক একটির উপর অন্যটি রাখতে কোন অসুবিধা নেই। তবে মুসহাফ বা কুরআনগ্রন্থ এর উপরে ইসলামী বইপুস্তক রাখা যাবে না।

আল-হাকীম আল-তিরমিযি বলেন:

“মুসহাফের মর্যাদা হচ্ছে- মুসহাফকে খোলা না রাখা। মুসহাফের উপর অন্য কোন বই না রাখা; যাতে করে মুসহাফ সবসময় অন্য সকল কিতাবের উপরে থাকে”।[নাওয়াদিরুল উসুল (৩/২৫৪) থেকে সমাপ্ত]

ইসলামী বইপুস্তকের উপর সাংস্কৃতিক বইপুস্তক কিংবা অন্য বিষয়ের বইপুস্তক রাখা বাঞ্ছনীয় নয়। অনুরূপভাবে ইসলামী বইপুস্তকের উপর অন্য কোন জিনিসপত্র যেমন-পাত্র, পোশাক-আশাক, খাবার-দাবার ইত্যাদি রাখা ঠিক নয়; এসব গ্রন্থে আল্লাহ পাকের যে যিকির আছে ও ইসলামী জ্ঞান আছে সেসবের প্রতি সম্মানসূচক।

আল-হাইতামী (রহঃ) বলেন:

হালিমীর মত বাইহাকীও বলেছেন: উত্তম হচ্ছে মুসহাফের উপর মুসহাফ ছাড়া অন্য কোন কিতাব বা কাপড় না রাখা। হালিমী এর সাথে আরও যুক্ত করেছেন: হাদিসের গ্রন্থাবলিও। অর্থাৎ হাদিসের গ্রন্থাবলিও মুসহাফের উপর রাখা যাবে না।[আল-ফাতাওয়া আল-হাদিসা (পৃষ্ঠা-১৬৪) থেকে সমাপ্ত]

কখনো কখনো এর বিধান হারাম পর্যায়ে পৌঁছে যেতে পারে। যদি শরয়ি গ্রন্থাবলির প্রতি অবজ্ঞা ও অপমানস্বরূপ সেটা করা হয়।

ইবনুল মুফলিহ (রহঃ) বলেন:

ইবনে আব্দুল কাউয়ি তাঁর লিখিত ‘মাজমাউল বাহরাইন’ গ্রন্থে বলেন: “সর্বসম্মতিক্রমে মুসহাফের উপর, হাদিসের কিতাবের উপর কিংবা যেসব কিতাবে কিছু আয়াত আছে সেসব কিতাবের উপর ঠেক দেয়া হারাম।”[আল-আদাব আল-শারইয়া (২/৩৯৩) থেকে সমাপ্ত]

আল্লাহই ভাল জানেন।